জুলাই আন্দোলন মামলায় মমতাজের জামিন নামঞ্জুর



মমতাজ বেগম। ছবি: সংগৃহীত

সাবেক সংসদ সদস্য ও কণ্ঠশিল্পী মমতাজ বেগমের জামিন আবেদন খারিজ করে দিয়েছেন আদালত। মানিকগঞ্জ-২ আসনের এই সাবেক এমপির বিরুদ্ধে দায়ের হওয়া মামলাটি হয়েছে জুলাই আন্দোলনের সময় রাজধানীর মিরপুর এলাকায় মো. সাগর নামের এক তরুণ নিহতের ঘটনায়।

বুধবার ঢাকার সপ্তম অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতে তার জামিনের জন্য আবেদন করেন আইনজীবী রেজাউল করিম। তবে শুনানি শেষে বিচারক তাওহীদা আক্তার আবেদনটি নাকচ করেন।

আদালতে শুনানিতে আসামিপক্ষের আইনজীবী দাবি করেন, মামলার অভিযোগগুলো ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রণোদিত। তার ভাষ্য অনুযায়ী, ঘটনার সঙ্গে মমতাজের কোনো প্রত্যক্ষ সম্পৃক্ততা নেই, তাই আইনগতভাবে তিনি জামিন পাওয়ার যোগ্য।

তিনি আরও যুক্তি দেন, মমতাজ একজন সাবেক সংসদ সদস্য এবং দেশের একজন পরিচিত লোকসংগীতশিল্পী। এজাহারে তার বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে—আন্দোলন দমনে অর্থ সহায়তা ও পরিকল্পনার সঙ্গে যুক্ত থাকার কথা বলা হলেও, তার পক্ষে কোনো নির্ভরযোগ্য প্রমাণ নেই।

সব দিক বিবেচনা করে আদালত শেষ পর্যন্ত জামিনের আবেদন নামঞ্জুর করেন।